পথকুকুরের পাশে পটুয়াখালীর চার যুবক

written by Chandradip News24 | January 5, 2025

পটুয়াখালীতে চলমান মৃদু শৈত্যপ্রবাহে আশ্রয়হীন পথকুকুরদের দুর্দশা তীব্রতর হয়েছে। এই কঠিন পরিস্থিতিতে চার যুবক তাদের ব্যবহৃত পুরোনো গরম কাপড় দিয়ে এসব কুকুরের পাশে দাঁড়িয়েছেন। তাদের এ মহৎ উদ্যোগ প্রশংসার জোয়ার তুলেছে শহরজুড়ে।

শনিবার (৪ জানুয়ারি) মধ্যরাতে শহরের চৌরাস্তা, ঝাউতলা, সবুজবাগ, কলাতলা ও পলিটেকনিক ইন্সটিটিউট এলাকায় ঘুরে অন্তত অর্ধশত পথকুকুরকে গরম কাপড় পরিয়ে দেন সাগর চৌধুরী, রুবাইয়াত হক মেহেদী, আক্তারুজ্জামান তুরাগ এবং তানভির রহমান।

তাদের উদ্যোগের ছবি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়লে সাধারণ মানুষ থেকে শুরু করে বিভিন্ন মহলে প্রশংসা কুড়ান তারা।

এই কাজ সম্পর্কে রুবাইয়াত হক মেহেদী বলেন, “শীতের রাতে বেওয়ারিশ

কুকুরদের দুর্দশা দেখে আমরা সিদ্ধান্ত নিই তাদের পাশে দাঁড়ানোর। আমরা আমাদের পুরোনো গরম কাপড় নিয়ে বের হই এবং যতটা সম্ভব কুকুরকে সাহায্য করি। মানুষের কাছ থেকে এমন ইতিবাচক সাড়া পেয়ে আমরা অভিভূত। ভবিষ্যতে এ কার্যক্রম চালিয়ে যেতে চাই।”

সেচ্ছাসেবী প্রাণিকল্যাণ ও পরিবেশবাদী সংগঠন “এ্যানিমেল লাভার্স অব পটুয়াখালী”র প্রতিনিধি মো. আসাদুল্লাহ হাসান মুসা বলেন, “মানুষ চাইলে শীত থেকে নিজেকে রক্ষা করতে পারে, কিন্তু এই প্রাণীগুলো তা পারে না। এই চার যুবকের কাজ নিঃসন্দেহে প্রশংসার যোগ্য।”

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. হাবিবুর রহমান বলেন, “তাদের এই উদ্যোগ মানবতার প্রকৃত উদাহরণ। রাস্তার কুকুরদের জন্য গরম কাপড়ের ব্যবস্থা করে তারা সমাজে ইতিবাচক বার্তা ছড়িয়েছে। আমরা তাদের এই মহৎ কাজের জন্য ধন্যবাদ জানাই।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম